

ছোটদের জাযনামা

মাওলানা জুবায়ের হুসাইন ফয়জী

ইমাম ও খতিব, পুলিশ লাইন্স জামে মসজিদ, মানিকগঞ্জ
পরিচালক, নূরে রওশন বালিকা মাদরাসা, মানিকগঞ্জ



MAKTABATUL FURQAN
PUBLICATIONS

ঢাকা, বাংলাদেশ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

একটি ঘরের জন্য বেশ কিছু খুঁটির প্রয়োজন হয়। যদি একটি খুঁটি ভেঙে যায় তাহলে ঘরটি দুর্বল হয়ে পড়ে।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, নামায ইসলামের খুঁটি। যে ব্যক্তি তা প্রতিষ্ঠা করে, সে ইসলামকেই প্রতিষ্ঠা করে। আর যে ব্যক্তি তা ধ্বংস করে, সে ইসলামকেই ধ্বংস করে।

ইসলামের খুঁটি পাঁচটি। যদি ইসলামের একটি খুঁটি কেউ ভেঙে ফেলে (আমল না করে), তাহলে ইসলামের প্রভাব তার ভেতর দুর্বল হয়ে পড়ে।

ইসলামের খুঁটিগুলো হলো : **কালিমা, নামায, রোযা, হজ এবং যাকাত।**



ইসলামের দ্বিতীয় স্তম্ভ বা খুঁটি নামায।

আমরা নামায নিয়েই আলোচনা করব। নামাযের জন্য প্রথমে পবিত্র হতে হবে।

পবিত্র হওয়ার তিনটি উপায় :

- ✓ ১। অযুর মাধ্যমে।
- ✓ ২। গোসলের মাধ্যমে।
- ✓ ৩। তায়াম্মুমের মাধ্যমে।

আমরা যখন নামায শুরু করি, তখন **الله أكبر** বলি।
এটার নাম **তাকবীর**।

নামাযে প্রত্যেকবার উঠা-বসার সময় আমরা তাকবীর বলে থাকি।

الله أكبر-এর অর্থ : **আল্লাহ সবচেয়ে বড়।**



শিক্ষা

- ✓ ক্ষমতার দিকে সবচেয়ে বড়।
- ✓ জ্ঞানার দিকে সবচেয়ে বড়।
- ✓ বুঝার দিকে সবচেয়ে বড়।
- ✓ তাঁর নির্দেশ সবচেয়ে বড়।

যিনি সবচেয়ে বড়—আমরা তাঁর ইবাদত শুরু করেছি।
এখন শুধু তাঁর বড়ত্ব নিয়েই ভাবতে হবে। এখন
অন্যকিছু করা, অন্যকিছু ভাবা নিষিদ্ধ হয়ে গিয়েছে।
এজন্যই এ তাকবীরকে **তাকবীরে তাহরীমা** বলে।

তাকবীরে তাহরিমার পরে আমরা সানা পড়ে থাকি।



সানা

سُبْحَانَكَ اللَّهُمَّ وَبِحَمْدِكَ وَتَبَارَكَ
اسْمُكَ وَتَعَالَى جَدُّكَ وَلَا إِلَهَ غَيْرُكَ

হে আল্লাহ, পবিত্রতা আপনারই। প্রশংসা
আপনারই। বরকতময় আপনার নাম।
আপনার মর্যাদা সবার উর্ধ্বে। আপনি ছাড়া
কোনো উপাস্য নেই।

শিক্ষা

- ✓ তুমি অন্যায় করো না।
- ✓ তুমি নিন্দনীয় কাজ করো না।
- ✓ পবিত্রতা কেবল তোমারই; তাই তোমার পবিত্রতা বর্ণনা করি।
- ✓ তুমি আমাদের জীবন দিয়েছ।
- ✓ তুমি আমাদের আহার দিয়েছ।
- ✓ তুমি আমাদের ইসলাম দিয়েছ।
- ✓ তুমি কেবল ভালো কাজই করো; তাই তোমার প্রশংসা করি।
- ✓ তোমাকে ডাকলে মুক্তি পাওয়া যায়।
- ✓ তোমাকে ডাকলে শক্তি পাওয়া যায়।
- ✓ তোমার নাম বরকতময়; তাই তোমার নামে ডাকি।
—ইউনুস আলাইহিস সালাম আল্লাহকে ডেকে মাছের পেট থেকে মুক্তি পেয়েছিলেন।
—মুসলিমগণ জিহাদের ময়দানে তাকবীর ধ্বনি দিয়ে শক্তি পান।
- ✓ তোমার মর্যাদা সবার উপরে।
- ✓ তুমি ছাড়া কোনো উপাস্য নেই;

তাই আমরা ব্যক্তির উপাসনা করি না।

বস্তুর উপাসনা করি না।

কেবল আল্লাহই উপাসনা করি।

